

আইইউটির ৩১তম সমাবর্তনে পররাষ্ট্রমন্ত্রী দক্ষতা জ্ঞান ও প্রযুক্তির মাধ্যমেই সক্ষমতা অর্জন সম্ভব

প্রতিনিধি, গাজীপুর

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী এমপি বলেছেন দক্ষতা, জ্ঞান ও প্রযুক্তির মাধ্যমেই সক্ষমতা অর্জন করা সম্ভব। এ লক্ষ্যেই আইইউটি তার অবদান রেখে যাচ্ছে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিতরণে কাজ করছে। অতীতে অনেক মুসলিম জ্ঞানী ও বিজ্ঞানী বিভিন্ন ক্ষেত্রে অনেক অবদান রেখে গেছেন এবং গৌরবময় সেই ইসলামী উম্মাহ আমরা বহন করে চলছি। এ আলোকেই তরুণ শিক্ষার্থীরা কঠোর পরিশ্রমের মাধ্যমে পরিবর্তনশীল জ্ঞান-বিজ্ঞান অনুশীলন করে গৌরবময় মুসলিম উম্মাহকে আগামিতে আরো এগিয়ে নিতে সক্ষম হবে। তিনি বলেন আমি জেনে খুশি হয়েছি যে প্রধানমন্ত্রীর আশ্রয়ে গত ২০১৬-১৭ শিক্ষাবর্ষ থেকে প্রথম এ প্রতিষ্ঠানে মেয়েদের লেখাপড়ার সুযোগ দেয়া হয়েছে। পাশাপাশি মেয়েদের থাকার ব্যবস্থা করার জন্য সরকার টাকা বরাদ্দ দিয়েছে। আপাতত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের অস্থায়ীভাবে থাকার ব্যবস্থা করেছেন। বিশ্ববিদ্যালয়টি চমৎকার পরিবেশে শিক্ষা কার্যক্রম চালিয়ে সামনের দিকে এগিয়ে যাচ্ছে। তিনি বুধবার সকালে গাজীপুরের বোর্ডবাজারে অবস্থিত ওআইসির অঙ্গ প্রতিষ্ঠান ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির (আইইউটি) ৩১তম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ওইসব কথা বলেন। এতে স্বাগত বক্তব্য রাখেন আইইউটির উপাচার্য অধ্যাপক ড. মুনায্জ আহমেদ নূর। অনুষ্ঠানে ওআইসির মহাসচিব ও আইইউটির আচার্য ড. ইউসুফ বিন আহমেদ আল-ওথাইমিন-এর বাণী পাঠ করেন আইইউটির টেকনিক্যাল এন্ড ভোকেশনাল এডুকেশন বিভাগের প্রধান অধ্যাপক চি কুম ক্রেমেন। এছাড়া বক্তব্য রাখেন আইইউটির গভর্নিং বডি'র চেয়ারম্যান ড. মোহাম্মাদ সাঈদ আললাম আলজাহরানী এবং ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য রাখেন অধ্যাপক এনায়েত উল্লাহ পাটোয়ারী। এর আগে সকাল সাড়ে ১০টায় পররাষ্ট্রমন্ত্রী বিশ্ববিদ্যালয় চত্বরে পৌঁছে আইইউটির উপাচার্য, সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিলের সদস্যবৃন্দ তাঁকে স্বাগত জানান। মন্ত্রী গাউন পড়ে আনুষ্ঠানিক সমাবর্তন শোভাযাত্রা সহকারে অনুষ্ঠানের মূল মঞ্চে হাজির হন।

কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য নাইজেরিয়ার শিক্ষার্থী ইব্রাহিম আদামকে ওআইসি পদক এবং বাংলাদেশের ইরতিজা ইনাম কবির, আবিব আহসান, ওমর সাদাব চৌধুরী ও সাকিবর আহমেদকে আইইউটি স্বর্ণপদক ও সনদ দেয়া হয়। অনুষ্ঠানে মাস্টার্স ও ব্যাচেলর ডিগ্রিপ্রাপ্ত ৩১৬ জনকে সনদ প্রদান করা হয়। এদের মধ্যে সর্বাধিক ডিগ্রিপ্রাপ্তরা হচ্ছেন বাংলাদেশের। অনুষ্ঠানে প্রধান অতিথিকে আইইউটির ক্রেস্ট দেয়া হয়।